

স্মারক নং- এসকেএস/২০/৩৯৭

২৪ মার্চ ২০২০ খৃঃ

অফিস স্মারক


এতদ্বারা এসকেএস ফাউন্ডেশনে কর্মরত সকল সহকর্মীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী ঘোষণা ও সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক করোনাভাইরাসের কারণে সংস্থার সকল প্রকল্প অফিস, ঢাকা অফিস ও প্রধান কার্যালয় আগামী ২৬ মার্চ ২০২০ খৃঃ তারিখ থেকে ০৪ এপ্রিল ২০২০ খৃঃ তারিখ পর্যন্ত এবং মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের সকল ব্রাঞ্চ, এরিয়া, জোন ও ডিভিশন অফিস সমূহ আগামী ২৬ মার্চ ২০২০ খৃঃ তারিখ থেকে ১১ এপ্রিল ২০২০ খৃঃ তারিখ পর্যন্ত ছুটি ঘোষণা করা হলো। এছাড়া অঙ্গসংগঠন সমূহ তাদের নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উক্ত ছুটির সময়ে সকলকে নিম্নোক্ত নির্দেশনা সমূহ মেনে চলার জন্য বলা হলো:

- ঘন ঘন সাবান ও পানি দিয়ে ভাল করে হাত ও মুখ পরিষ্কার করণ (কমপক্ষে ২০ সেকেন্ড)।
- হাঁচি-কাশির সময় টিস্যু/কাপড় ব্যবহার করণ এবং ব্যবহৃত টিস্যু পেপার/কাপড় ঢাকনাযুক্ত ময়লার পাত্রে ফেলুন ও হাত পরিষ্কার রাখুন।
- সর্দি-কাশি ও জ্বরে আক্রান্ত ব্যক্তির সংস্পর্শ এড়িয়ে চলুন।
- যত্রতত্র কফ ও থুতু ফেলা থেকে বিরত থাকুন।
- অপরিষ্কার হাত দিয়ে চোখ, নাক ও মুখ স্পর্শ থেকে বিরত থাকুন।
- যে কোন ব্যক্তির সাথে হাত মেলানো/আলিঙ্গন করা থেকে বিরত থাকুন।
- অসুস্থ গৃহপালিত বা অন্য কোন প্রাণীর সংস্পর্শ পরিহার করণ।
- হাত ধোয়ার স্থানে সাবান/স্যানিটাইজার রাখুন।
- অপ্রয়োজনীয় কাজে বাহিরে ঘোরাফেরা থেকে বিরত থাকুন, জনসমাগম এড়িয়ে চলুন এবং প্রয়োজনে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করণ।
- সার্বক্ষণিক অফিসিয়াল আইডি কার্ড সাথে রাখুন এবং সেইসাথে অফিসিয়াল মোবাইল সিম সচল রাখুন।
- উপরোক্ত নির্দেশনা সমূহ নিজে মেনে চলুন এবং পরিবার ও অন্যদেরকে মেনে চলার জন্য সচেতন/সহায়তা করণ।

এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

গভীর আন্তরিকতায়-


রাসেল আহমেদ লিটন
নির্বাহী প্রধান।

অনুলিপি:

- এসকেএস এর সকল অফিস
- নোটিশ বোর্ড
- অফিস কপি